

◆ সূচীপত্র ◆

বিষয়	পৃষ্ঠা নং
এক নজরে	- ০১
চেয়ারম্যান মহোদয়ের বাকী	- ০২
সভাপতির প্রতিবেদন	- ০৩
কোষাধ্যক্ষের প্রতিবেদন	- ০৪-০৫
জেনারেল ম্যানেজারের প্রতিবেদন	- ০৬
বর্তমান সরকারের অসাধারণ অর্জন	- ০৭
লেখচিত্রে পবিস-এর কার্যক্রম	- ০৮-০৯
আলোক চিত্রে পবিস-এর কার্যক্রম	- ১০-১১
সমিতি বোর্ড পরিচিতি	- ১২
নির্বাহী কর্মকর্তাগণের পরিচিতি	- ১৩
সিটিজেন চার্টার, বিবিধ ফি	- ১৪
নিরাপত্তা জামানত ও বিদ্যুৎ সাশ্রয়ে গ্রাহকদের করণীয়	- ১৫
নিরাপদ বিদ্যুৎ ব্যবহার, অভিযোগ কেন্দ্রসমূহের মোবাইল নাম্বার ও বিদ্যুৎ বিভ্রাট পর্যবেক্ষণ কমিটি	- ১৬



২০২১-২২ কর বছরে বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড “স্থানীয় কর্তৃপক্ষ” ক্যাটাগরিতে ২য় সর্বোচ্চ আয়কর প্রদানকারী নির্বাচিত হয়ে ট্রফি কার্ড ও সম্মাননাপত্র প্রাপ্ত হয়।



ব্যাংকের নামসমূহ

সদর দপ্তর	
ব্যাংকের নাম	শাখার নাম
পূবালী ব্যাংক লিঃ	দরবজ
বাংলাদেশ কৃষি ব্যাংক	জৈজ্ঞাপুর
বাংলাদেশ কৃষি ব্যাংক	চতুল বাজার
ইসলামী ব্যাংক বাংলাদেশ লিঃ	শাহ পরান
কোম্পানীগঞ্জ জোনাল অফিস	
ব্যাংকের নাম	শাখার নাম
বাংলাদেশ কৃষি ব্যাংক	কোম্পানীগঞ্জ
বাংলাদেশ কৃষি ব্যাংক	ছাতক
পূবালী ব্যাংক লিঃ	কোম্পানীগঞ্জ
বাংলাদেশ কৃষি ব্যাংক	দল্লারবাজার
উত্তরা ব্যাংক লিঃ	কোম্পানীগঞ্জ
গোরাইনঘাট-সাবজোনাল অফিস	
ব্যাংকের নাম	শাখার নাম
বাংলাদেশ কৃষি ব্যাংক	গোরাইনঘাট
অগ্রণী ব্যাংক লিঃ	জাফলং
বাংলাদেশ কৃষি ব্যাংক	হাদারপাড়
এনআরবি ব্যাংক লিঃ	জাফলং

কানাইঘাট জোনাল অফিস	
ব্যাংকের নাম	শাখার নাম
বাংলাদেশ কৃষি ব্যাংক	কানাইঘাট
অগ্রণী ব্যাংক লিঃ	সড়কের বাজার
বাংলাদেশ কৃষি ব্যাংক	চতুল বাজার
অগ্রণী ব্যাংক লিঃ	গাছবাড়ী
বাংলাদেশ কৃষি ব্যাংক	ভবানীগঞ্জ
বাংলাদেশ কৃষি ব্যাংক	দর্পনগর
রূপালী ব্যাংক লিঃ	কানাইঘাট
রূপালী ব্যাংক লিঃ	রাজাগঞ্জ
ন্যাশনাল ব্যাংক লিঃ	কানাইঘাট
ইসলামী ব্যাংক বাংলাদেশ লিঃ	কানাইঘাট
শিবের বাজার সাব-জোনাল অফিস	
ব্যাংকের নাম	শাখার নাম
বাংলাদেশ কৃষি ব্যাংক	শিবের বাজার
ডাচ বাংলা ব্যাংক লিঃ	আমরখানা
বাংলাদেশ কৃষি ব্যাংক	আমরখানা

এজেন্ট আউটলেট

অগ্রণী ব্যাংক লিঃ, সাগুটকর শাখা, সিলেট	তোরাঙ্কুল দুয়ার, গোরাইনঘাট	ইসলামী ব্যাংক বাংলাদেশ লিঃ, জিন্দাবাজার শাখা, সিলেট	সাগুটকর, গোরাইনঘাট
অগ্রণী ব্যাংক লিঃ, সড়কের বাজার শাখা, সিলেট	আজিহা দুয়ার, বাজার, জৈজ্ঞাপুর	ইসলামী ব্যাংক লিঃ, আমরখানা শাখা, সিলেট	কোম্পানীগঞ্জ বাজার, কোম্পানীগঞ্জ
অগ্রণী ব্যাংক লিঃ, সাবমবাজার শাখা, সিলেট	মমতাজগঞ্জ দুয়ার, বাজার, কানাইঘাট		রাধানগর, গোরাইনঘাট
ইসলামী ব্যাংক বাংলাদেশ লিঃ, কানাইঘাট শাখা, সিলেট	সোনাতলা, সদর	ব্যাংক এশিয়া, উপশহর শাখা, সিলেট	সাহেব বাজার, সদর
	চতুল বাজার, কানাইঘাট		ফতেপুর, গোরাইনঘাট
	বড়দেশ বাজার, কানাইঘাট		জাফলং, গোরাইনঘাট
	বোরহান ডাঙ্গিন বাজার, কানাইঘাট		মাতুরতল, গোরাইনঘাট
	গাছবাড়ী, কানাইঘাট		কুপার বাজার, গোরাইনঘাট
	সুবহাঘাট, কানাইঘাট		বাগোবাড়ী, কানাইঘাট
	সড়কের বাজার		পিতারগঞ্জ, সদর
ইসলামী ব্যাংক বাংলাদেশ লিঃ, পোলাপগঞ্জ শাখা, সিলেট	রাজাগঞ্জ বাজার, কানাইঘাট	আল-আরাফাহ ইসলামী ব্যাংক লিঃ, আমরখানা শাখা, সিলেট	গাছবাড়ী, কানাইঘাট
	দরবজ, জৈজ্ঞাপুর		রাজাগঞ্জ বাজার, কানাইঘাট
	জৈজ্ঞাপুর, জৈজ্ঞাপুর		হাদারপাড়, গোরাইনঘাট
ইসলামী ব্যাংক বাংলাদেশ লিঃ, শাহপরান শাখা, সিলেট	হরপুর, জৈজ্ঞাপুর	আল-আরাফাহ ইসলামী ব্যাংক লিঃ, শাহজালাল উপশহর শাখা, সিলেট	সড়কের বাজার, কানাইঘাট
	মামার দোকান, গোরাইনঘাট	মিডিয়ায়াল ট্রাস্ট ব্যাংক, লালদেবারপাড় শাখা, সিলেট	পিতারগঞ্জ, সদর
	গোরাইনঘাট বাজার, গোরাইনঘাট	স্ট্যান্ডার্ড ব্যাংক লিঃ, সিলেট শাখা, সিলেট	মোপাঙ্গল, সদর
ইসলামী ব্যাংক বাংলাদেশ লিঃ, সিলেট শাখা, সিলেট	হাদারপাড়, গোরাইনঘাট		
	ফতেপুর, গোরাইনঘাট		

মোবাইল ব্যাংকিং

bKash বিকাশ

G-pay গ্রীমপেপ

টেলিটক টেলিটক

এম ক্যাশ এম ক্যাশ

রকেট রকেট

রবি রবি

নিওরক্যাশ সিউর ক্যাশ

U-Cash U-pay

পল্লী বিদ্যুতায়ন কার্যক্রমে বর্তমান সরকারের অসাধারণ অর্জন

পল্লী বিদ্যুতায়ন কর্মসূচীতে বর্তমান
সরকারের অসাধারণ অর্জন

(২০০৯ থেকে ২০২২ পর্যন্ত)

বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড এর অগ্রগতি

বিবরণ	পরিবার জন্মলাভ থেকে ২০০৮ (২৩ বছর)	২০০৯-২০২২ (১৪ বছর)	মোট/ অর্জন
গ্রাহক সংযোগ	৭৪ লক্ষ	২ কোটি ৬৭ লক্ষ	৩ কোটি ৪১ লক্ষ
লাইন নির্মাণ (কিঃ মিঃ)	২ লক্ষ ১৭ হাজার	৩ লক্ষ ৪১ হাজার	৫ লক্ষ ৫৮ হাজার
উপকেন্দ্র ক্ষমতা (এমভিএ)	২০০০	১৫,৪৬০	১৭,৪৬০
বিদ্যুৎ সুবিধাভোগী জনগন	২৭%	৭৩%	১০০%
সিস্টেম লস (%)	১৮%	৯.০১%	৮.৯৯% (কম)
বিদ্যুৎ ব্যবহার (মেগাওয়াট)	১৮০০	৭০০০	৮৮০০

সিলেট পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর অগ্রগতি

বিবরণ	পরিবার জন্মলাভ থেকে ২০০৮ (১০ বছর)	২০০৯-২০২২ (১৪ বছর)	মোট/ অর্জন
গ্রাহক সংযোগ	৩৯০৪১	১৭৮১৫২	২১৭১৯৩
লাইন নির্মাণ (কিঃ মিঃ)	১৭৪৫	৩৩৫৬	৫১০১
উপকেন্দ্রের সংখ্যা (টি) ও ক্ষমতা (এমভিএ)	০৩ টি ও ২৫ এমভিএ	০৫ টি ও ৯০ এমভিএ	০৮ টি ও ১১৫ এমভিএ
বিদ্যুৎ সুবিধাভোগী জনগন	২২%	৭৮%	১০০%
সিস্টেম লস (%)	১৮.৮২%	১১.৫৩%	৭.২৯% কম
বিদ্যুৎ ব্যবহার (মেগাওয়াট)	১০	৪৫	৫৫ মে.ওয়াট বেশী

অনলাইনে নতুন সংযোগ প্রক্রিয়া:

আবেদন করা হয়েছে

হাউজ ওয়্যারিং সম্পন্ন

মেম্বর সার্ভিস কর্তৃক ওয়্যারিং পরিদর্শক নিয়োগ

ওয়্যারিং পরিদর্শক কর্তৃক পরিদর্শন

ডিমান্ড নোট ইস্যু ও এসএমএস প্রদান

ডিমান্ড নোটের টাকা জমা ও নিশ্চিত করণ

মিটার অর্ডার সরবরাহ (সিএমও ইস্যু)

লাইনম্যান নিয়োগ

সংযোগ প্রদান

সিলেট পল্লী বিদ্যুৎ সমিতি-২

একনজরে তথ্যাবলী জানুয়ারী/২০২২ খ্রিঃ পর্যন্ত।

০১। সমিতি নিবন্ধিকরণের তারিখ	ঃ ০৬-০৫-১৯৯৮ খ্রিঃ।
০২। বিদ্যুতায়নের তারিখ	ঃ ২৭-০৮-১৯৯৯ খ্রিঃ।
০৩। আয়তন	ঃ ১৮১৩ বর্গ কিঃমিঃ।
০৪। অন্তর্ভুক্ত উপজেলা সমূহ	ঃ ৭টি {সিলেট জেলার-সদর, জৈন্তাপুর, গোয়াইনঘাট, কানাইঘাট, কোম্পানীগঞ্জ এবং সুনামগঞ্জ জেলার ছাতক (অংশিক) ও দোয়ারা বাজার (আংশিক)}।
০৫। অন্তর্ভুক্ত ইউনিয়ন ও পৌরসভা	ঃ ৪১ টি।
০৬। অন্তর্ভুক্ত গ্রাম	ঃ ১২১৪ টি।
০৭। বিদ্যুতায়িত গ্রাম	ঃ ১২১৪ টি।
০৮। এলাকা পরিচালক	ঃ ০৫জন।
০৯। মনোনিত এলাকা পরিচালক/মহিলা পরিচালক	ঃ ০৮/০৩ জন।
১০। সমিতির কর্মকর্তা/কর্মচারীর সংখ্যা	ঃ ৩০৯ জন।
১১। জোনাল অফিস	ঃ ০২ টি (কানাইঘাট, কোম্পানীগঞ্জ)।
১২। সাব জোনাল অফিস	ঃ ০৩ টি (গোয়াইনঘাট, শিবের বাজার ও গাছবাড়ী)।
১৩। অভিযোগ কেন্দ্র	ঃ ১০ টি (সড়কের বাজার, গাছবাড়ী, সাদুটিকর, ইছাকলস, বিল্লাকান্দি, ছনবাড়ী, হাদারপার, মমতাজগঞ্জ বাজার, রাধানগর বাজার ও লালাখাল)।
১৪। বৈদ্যুতিক উপকেন্দ্র	ঃ ০৮ টি {দরবন্ড, কানাইঘাট-১, কোম্পানীগঞ্জ-১ প্রতিটি ২০ এমভিএ করে, গোয়াইনঘাট-১, বাদাঘাট, কানাইঘাট-২ (বিগাবাড়ী), কোম্পানীগঞ্জ-২ (পারুয়া) ও গোয়াইনঘাট-২ (ফতেপুর) প্রতিটি ১০ এমভিএ করে।}
১৫। নির্মিত লাইনের পরিমাণ	ঃ ৫,১০১.৮৭ কিঃ মিঃ।
১৬। বিদ্যুতায়িত লাইনের পরিমাণ	ঃ ৫,১০১.৮৭ কিঃ মিঃ।
১৭। সংযোগ কৃত গ্রাহক	(শ্রেণী ভিত্তিক)
ক) আবাসিক	ঃ ১,৯৪,৪০৪ টি।
খ) বাণিজ্যিক	ঃ ১৭,৩৩৪ টি।
গ) শিল্প	ঃ ১,৩৮১ টি।
ঘ) সেচ	ঃ ৪১১ টি।
ঙ) দাতব্য প্রতিষ্ঠান	ঃ ৩,৬০৫ টি।
চ) রাস্তার বাতি	ঃ ৫৮ টি।
মোট =	ঃ ২,১৭,১৯৩ টি
১৮। সংযোগ গ্রহণের হার	ঃ ১০০%।
১৯। বিদ্যুৎ জর্য	ঃ ৯,১৩,৭৬,৩০২ কিঃ ওঃ ঘঃ।
২০। বিদ্যুৎ বিক্রয়	ঃ ৮,৩৫,৩০,৪২৫ কিঃ ওঃ ঘঃ।
২১। সিস্টেম লস	ঃ ক) সাব স্টেশন মিটার ৭.৩০%।
	ঃ খ) বিলিং মিটার ৮.৫৯%।
২২। বিলকৃত অর্থ	ঃ ৫১,০৭,৯১,০৯০.০০ টাকা।
২৩। আদায়কৃত অর্থ	ঃ ৪৮,৯৫,৪১,৪৬০.০০ টাকা।
২৪। বিল আদায়ের হার	ঃ ৯৫.৮৪%।
২৫। বকেয়া মাস	ঃ ১.৪৬ মাস।
২৬। সরকারী পাওনা ব্যতীত	ঃ ১.৪২ মাস
২৭। মাসিক গড় বিদ্যুৎ বিক্রয়	ঃ ৭,৬১,৬০,৬৮০.০০ টাকা।

চেয়ারম্যানের বাণী



“বিসমিলাহির রহমানির রাহিম”

০১। স্বাধীনতার স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নেতৃত্বে ১৯৭২ সালে রচিত মহান সংবিধানের ১৬নং অনুচ্ছেদে “নগর ও গ্রামাঞ্চলের জীবনযাত্রার মানের বৈষম্য ক্রমাগতভাবে দূর করার উদ্দেশ্যে কৃষি বিপ্লবের বিকাশ, গ্রামাঞ্চলে বৈদ্যুতিকরণের ব্যবস্থা, কুটির শিল্প ও অন্যান্য শিল্পের বিকাশ এবং শিক্ষা, যোগাযোগ-ব্যবস্থা ও জনস্বাস্থ্যের উন্নয়নের মাধ্যমে গ্রামাঞ্চলে আমূল রূপান্তর সাধনের জন্য রাষ্ট্র কার্যকর ব্যবস্থা গ্রহণ করবেন” মর্মে অঙ্গীকার করা হয়েছে। বঙ্গবন্ধু পত্নী অঞ্চলে বিদ্যুৎ সরবরাহের গুরুত্ব আরোপ করে বলেছিলেন, “বিদ্যুৎ ছাড়া কাজ হয় না, কিন্তু দেশের জনসংখ্যার শতকরা ১৫ ভাগ লোক যে শহরের অধিবাসী সেখানে বিদ্যুৎ সরবরাহের ব্যবস্থা থাকিলেও শতকরা ৮৫ জনের বাসস্থান গ্রামে বিদ্যুৎ নাই।... গ্রামে গ্রামে বিদ্যুৎ সরবরাহ করিতে হইবে। ইহার ফলে গ্রাম বাংলার সর্বক্ষেত্রে উন্নতি

হইবে। বন্যা নিয়ন্ত্রণ ও গ্রামে গ্রামে বিদ্যুৎ চালু করিতে পারিলে কয়েক বছরের মধ্যে আর বিদেশ হইতে খাদ্য আমদানি করিতে হইবে না।” জাতির পিতার সুদূরপ্রসারী এ চিন্তা ভাবনার ধারাবাহিকতায় পত্নীর জন্মশের দোরগোড়ায় বিদ্যুৎ সুবিধা পৌঁছানোর লক্ষ্যে বাংলাদেশ পত্নী বিদ্যুতায়ন বোর্ড প্রতিষ্ঠা করা হয়।

০২। বর্তমানে বাংলাদেশ পত্নী বিদ্যুতায়ন বোর্ডের আওতায় ৮০টি পত্নী বিদ্যুৎ সমিতি (পবিস) সমগ্র বাংলাদেশের গ্রামীণ এলাকায় বিদ্যুতায়নের কাজে নিয়োজিত রয়েছে। ইতোমধ্যে দেশের পত্নী অঞ্চলের শতভাগ এলাকা বিদ্যুতায়ন করা হয়েছে। বর্তমানে পত্নী বিদ্যুতের আওতাধীন গ্রাহক সংখ্যা প্রায় ৩ কোটি ৪৩ লক্ষ। বাংলাদেশ পত্নী বিদ্যুতায়ন বোর্ডের আওতাধীন পবিসসমূহের বিদ্যুৎ চাহিদা প্রায় ৮৮০০ মেগাওয়াট, যা দেশে উৎপাদিত বিদ্যুতের প্রায় ৫৯ শতাংশ। মাসিক বিদ্যুৎ বিক্রয়ের পরিমাণ ২৫২৮ কোটি টাকা। মোট বিদ্যুতায়িত লাইনের পরিমাণ ৫ লক্ষ ৫৮ হাজার (প্রায়) কি.মি., মোট উপকেন্দ্রের সংখ্যা ১,২৯৮টি, যার মোট ক্ষমতা ১৭,৪৬০ এমভিএ। বর্তমানে সিস্টেম লস ৯.০১%।

০৩। “শেখ হাসিনার উদ্যোগ ঘরে ঘরে বিদ্যুৎ” এই মহতী স্বপ্ন বাস্তবায়িত হয়েছে। পত্নী বিদ্যুৎ সমিতির কর্মকর্তা/কর্মচারীগণ “আলোর ফেরিওয়ালা” হয়ে ঘরে ঘরে গিয়ে বিদ্যুৎ সেবা প্রদান করছেন। স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করার লক্ষ্যে বাপবিবো কর্তৃক “উঠান বৈঠক” কার্যক্রম চালু করা হয়েছে। এছাড়াও সকল ধরনের সংযোগের ক্ষেত্রে বিনামূল্যে ৫০ কিঃ ওঃ পর্যন্ত ট্রালফরমার সরবরাহের কারণে বহুমুখী কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হয়েছে। গ্রামাঞ্চলে বিদ্যুৎ সুবিধা পৌঁছার কারণে বর্তমান সরকারের নির্বাচনী অঙ্গীকার “আমার গ্রাম আমার শহর” বাস্তবায়নের কাজ ত্বরান্বিত ও সহজতর হয়েছে।

০৪। আমি অবহিত হয়েছি যে, সিলেট পত্নী বিদ্যুৎ সমিতি-২ বিগত ২৭/০৮/১৯৯৯ খ্রিস্টাব্দে বাণিজ্যিকভাবে বিদ্যুৎ বিতরণ শুরু করেছে। এ সমিতি কর্তৃক জানুয়ারী-২৩ খ্রিঃ পর্যন্ত ৫১০৭ কিঃ মিঃ লাইন নির্মাণ করে মোট ২,১৭,১৯৩ জন গ্রাহকের বিদ্যুৎ সংযোগ প্রদান করা হয়েছে। গ্রাহকদের মধ্যে আবাসিক গ্রাহকের হার ৯০.২৯% এবং এদের মধ্যে অধিকাংশই (৫৭.৭০%) Life Line Consumer হওয়ায় ক্রয়মূল্যেও চেয়ে কম মূল্যে বিদ্যুৎ বিক্রি এবং পত্নী এলাকার বিশাল অংশজুড়ে বিতরণ নেটওয়ার্ক পরিচালনার কারণে পত্নী বিদ্যুৎ সমিতির পরিচালনায় আর্থিক ঘাটতি দেখা দিয়েছে। এ সমস্যা উত্তরণের জন্য বাংলাদেশ পত্নী বিদ্যুতায়ন বোর্ডের তরফ থেকে সর্বাত্মক প্রচেষ্টা অব্যাহত রয়েছে। বিতরণ ব্যবস্থার উন্নয়ন করে, সিস্টেম লস কমিয়ে ও বিদ্যুতের চুরি/অপচয় রোধ করে পরিচালনা ব্যয়ের ঘাটতি মোকাবেলার জন্য সমিতির কর্মকর্তা/কর্মচারী/বোর্ড পরিচালক/গ্রাহক সদস্যবৃন্দকেও সম্মিলিত প্রচেষ্টা গ্রহণ করতে হবে।

০৫। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান আমাদেরকে এশটি স্বাধীন দেশ ও লাল সবুজের পতাকা এনে দিয়েছেন ও সুখী সমৃদ্ধশালী সোনার বাংলা গড়ার স্বপ্ন দেখিয়েছিলেন। আর তারই সুযোগ্য কন্যা মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে আমরা সারা দেশকে বিদ্যুতায়নের আওতায় নিয়ে আসতে সক্ষম হয়েছি। বাংলাদেশ মধ্যম আয়ের দেশে উপনীত করতে সক্ষম হয়েছি। এখন আমাদেরকে নিরবচ্ছিন্ন ও মানসম্পন্ন বিদ্যুৎ ও উন্নত গ্রাহকসেবা প্রদানের মাধ্যমে ভিশন-২০৪১ এর লক্ষ্যমাত্রা অর্জনে নিবিড়ভাবে কাজ করতে হবে। সিলেট পত্নী বিদ্যুৎ সমিতি-২ এর ২২ তম বার্ষিক সাধারণ সভায় মহান মুক্তিযুদ্ধেও চেতনায় সকলকে সত্যতা, নিষ্ঠা, দেশপ্রেম ও আন্তরিকতার সাথে একবদ্ধভাবে কাজ করার জন্য উদাত্ত আহবান জানাচ্ছি। একই সাথে আমি সিলেট পত্নী বিদ্যুৎ সমিতি-২ এর সর্বাঙ্গীন সাফল্য ও উত্তরোত্তর সমৃদ্ধি কামনা করছি। জয় বাংলা।



(মোহাম্মদ সেলিম উদ্দিন)
চেয়ারম্যান
বাংলাদেশ পত্নী বিদ্যুতায়ন বোর্ড।



গ্রাফ চিত্রে সমিতির অগ্রগতি

অর্থ বৎসর অনুযায়ী ক্রমপুঞ্জিত বৈদ্যুতিক লাইন নির্মাণ

অর্থ বৎসর ভিত্তিক নির্মিত বৈদ্যুতিক লাইনের পরিমাণ (কিঃ মিঃ)



→ অর্থ বৎসর

অর্থ বৎসর অনুযায়ী ক্রমপুঞ্জিত গ্রাহক সংযোগ


অর্থ বৎসর ভিত্তিক গ্রাহক সংখ্যা (টি)



→ অর্থ বৎসর

অর্থ বৎসর অনুযায়ী বিলকৃত ও আদায়কৃত অর্থ


অর্থ বৎসর ভিত্তিক বিদ্যুৎ বিক্রয় ও আদায়কৃত অর্থ (লক্ষ টাকায়)





গ্রাফ চিত্রে সমিতির অগ্রগতি

রেখা চিত্রে অর্থ বৎসর অনুযায়ী সিস্টেম লস (%)



→ অর্থ বৎসর

অর্থ বছর ভিত্তিক বকেয়া মাস



শ্রেণী ভিত্তিক বিদ্যুৎ ব্যবহারের হার (২০২০-২০২১) পর্যন্ত।



সভাপতির প্রতিবেদন



“বিস্মিল্লাহির রাহমানির রাহিম”

সিলেট পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর ২২তম বার্ষিক সাধারণ সভায় আগত গ্রাহক সদস্য, পরিচালকমন্ডলী, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড থেকে আগত পরিচালকসহ পল্লী বিদ্যুতায়ন কার্যক্রমে সংশ্লিষ্ট কর্মকর্তা/ কর্মচারীবৃন্দ, আমন্ত্রিত অতিথি, সাংবাদিক ও উপস্থিত সুধীবৃন্দ “আসসালামু আলাইকুম/আদাব ও নমস্কার”। আজকের এই দিনে আমি শ্রদ্ধাভরে স্মরণ করছি স্বাধীন বাংলাদেশের মহান স্থপতি, হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালী “জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে এবং মহান স্বাধীনতা যুদ্ধে আত্মদানকারী বীর শহীদদের। ফাল্গুনের শীতল বাতাসে এই শুভ সকালে শত কর্ম ব্যস্ততার মাঝে সমিতির এই মহতী অনুষ্ঠানে উপস্থিত হওয়ার জন্য সমিতি বোর্ডের পক্ষ থেকে মহান আল্লাহ রাব্বুল আল-আমিনের নিকট প্রগাঢ় শুক্রিয়া ও আপনাদের

সবাইকে আন্তরিক অভিনন্দন ও মোবারকবাদ জানাচ্ছি।

সম্মানিত গ্রাহক সদস্যবৃন্দঃ গ্রামীণ আর্থ-সামাজিক উন্নয়নের অন্যতম চালিকাশক্তি বিদ্যুৎ। জাতীয় অর্থনৈতিক এবং সামাজিক উন্নয়ন সহ ডিজিটাল বাংলাদেশ ও একটি গ্রাম একটি শহর গড়ার ক্ষেত্রে বিদ্যুতের প্রয়োজনীয়তা অপরিহার্য। দীর্ঘ ২১ বছর ধরে আপনাদের আন্তরিক সহযোগিতায় অত্র পবিস কর্তৃক জানুয়ারী ২০২৩ইং পর্যন্ত ৫,১০১ কিঃ মিঃ লাইন নির্মাণের মাধ্যমে ১২১৪ টি গ্রামে বিভিন্ন শ্রেণীর ২,১৭,১৯৩ জন গ্রাহককে বিদ্যুৎ সংযোগ প্রদান করা হয়েছে। সিলেট পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর ভৌগোলিক এলাকার আওতাধীন সিলেট সদর উপজেলা, জৈন্তাপুর, গোয়াইনঘাট, কানাইঘাট ও কোম্পানীগঞ্জ এবং ছাতক ও দোয়ারা বাজার উপজেলা আংশিক শতভাগ বিদ্যুতায়ন সম্পন্ন করা হয়েছে।

সম্মানিত গ্রাহক সদস্যবৃন্দঃ উত্তম গ্রাহক সেবা এবং নিরবচ্ছিন্ন ও মানসম্মত বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করা পল্লী বিদ্যুতায়ন কার্যক্রমের মূল লক্ষ্য। তার জন্য সমিতির নতুন উপকেন্দ্র নির্মাণ, ৩৩ কেভি এবং ১১ কেভি লাইন নির্মাণ সহ সকল পর্যায়ে সিস্টেম আপগ্রেডেশন কাজ চলমান আছে। কিছু কিছু ক্ষেত্রে লাইন তৈরীতে সৃষ্ট বাধা এবং বিদ্যুৎ চুরি আমাদের অগ্রযাত্রাকে ব্যাহত করছে। এ বিষয়ে আমি সম্মানিত গ্রাহকসদস্য বৃন্দের সহযোগিতা কামনা করছি।

সম্মানিত গ্রাহক সদস্যবৃন্দঃ আপনাদেরকে সমিতির বিতরণ লাইন থেকে নিরাপদ দূরত্ব বজায় রেখে বৃক্ষ রোপন ও বাড়ী ঘর নির্মাণের অনুরোধ জানাচ্ছি। সমিতির বিতরণ লাইনের সাথে গাছের সংস্পর্শে বিদ্যুৎ অপচয় হয়, রাইট অব-ওয়ে সমস্যা বৃদ্ধি পায় ও বিদ্যুৎ বিস্রাট সহ দুর্ঘটনা ঘটায়। ঝড় বৃষ্টির দিনে বিদ্যুৎ লাইনের উপর গাছের ডাল পড়ে তার ছিঁড়ে অনাকাঙ্ক্ষিত দুর্ঘটনা ঘটেতে পারে। তাই বিদ্যুৎ লাইনের উপরে গাছের ডাল কাটা অর্থাৎ বিদ্যুৎ লাইন নিরাপদে রাখার বিষয়ে বিদ্যুৎ কর্মীদের সহযোগিতা প্রদানে গ্রাহক সদস্যগণকে বিনীত অনুরোধ জানাচ্ছি।

সম্মানিত অতিথিবৃন্দঃ সমিতি বিদ্যুৎ উন্নয়ন বোর্ড থেকে নগদ মূল্যে বিদ্যুৎ ক্রয় করে গ্রাহকদের সরবরাহ করে থাকে। বিদ্যুৎ বিলই সমিতির একমাত্র আয়ের উৎস। গ্রাহকদের বিদ্যুৎ বিল বকেয়ার কারণে সমিতি সুষ্ঠু পরিচালনা সহ উত্তম গ্রাহক সেবা নিশ্চিতকরণে বিঘ্ন ঘটে। আপনাদের অবগতির জন্য জানাচ্ছি যে, বর্তমানে সিলেট পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর গ্রাহকের নিকট পাওনা বিদ্যুৎ বিল বকেয়ার পরিমাণ ১১,২৭,১৭,৮০৬/- টাকা। অনেক গ্রাহককে সমিতির পক্ষ থেকে বারবার অনুরোধের পরও বকেয়া বিল পরিশোধ করেন না। অথচ কয়েক ঘণ্টা বিদ্যুৎ সরবরাহ বন্ধ থাকলে আমাদের স্বাভাবিক জীবন যাপন কষ্টকর হয়ে পড়ে। বকেয়া পাওনা আদায়ে গ্রাহক প্রাপ্ত সমিতির কর্মকর্তা/ কর্মচারীগণ গমন করলে অনেক সময় সমিতির কর্মকর্তা/ কর্মচারীদের সঙ্গে অনাকাঙ্ক্ষিত ঘটনার সুত্রপাত কোনক্রমে গ্রহণযোগ্য নয়। নিয়মিত বিদ্যুৎ বিল পরিশোধ করে সমিতির উন্নয়ন মূলক কর্মকাণ্ডে শরীক হওয়ার জন্য অনুরোধ জানাচ্ছি।

পরিশেষে, ভার্য্যালী সংযুক্ত সকল সম্মানিত গ্রাহক সদস্যবৃন্দ ও আমন্ত্রিত অতিথিবৃন্দের সক্রিয় অংশগ্রহণের মাধ্যমে আজকের এই বার্ষিক সাধারণ সভাকে অত্যন্ত সুন্দর ও সুষ্ঠুভাবে পরিচালনায় সহায়তা করায় সবাইকে আন্তরিক কৃতজ্ঞতা ও মোবারকবাদ জানাচ্ছি। একই সাথে অত্র সমিতির ভবিষ্যৎ অগ্রগতি ও গৌরব অর্জনে সংশ্লিষ্ট সকলের সর্বাঙ্গিক সহযোগিতা ও মূল্যবান পরামর্শ কামনা করছি। জয় বাংলা।

শেখ মোর্শেদ আলম

জনাব মোর্শেদ আলম
সভাপতি, সমিতি বোর্ড।
সিলেট পল্লী বিদ্যুৎ সমিতি-২

কোষাধ্যক্ষের প্রতিবেদন



সিলেট পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর ২২ তম বার্ষিক সাধারণ সভার সম্মানিত সভাপতি, সমিতি বোর্ডের পরিচালকমন্ডলী, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের সম্মানিত অতিথি, গ্রাহক সদস্যবৃন্দ এবং উপস্থিত সুধীবৃন্দ, “আসসালামু আলাইকুম”। “লাভ নয়, লোকসান নয়” এই মূল নীতির উপর ভিত্তি করে সিলেট পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর কার্যক্রম পরিচালিত হচ্ছে। বর্তমানে সমিতির মোট গ্রাহক সংখ্যার ৯০.০০% আবাসিক গ্রাহক। আবাসিক ও সেচ গ্রাহকের মধ্যে প্রায় ৯১.০০% গ্রাহকের নিকট বিদ্যুৎ ক্রয় মূল্য অপেক্ষা ০.৭০ টাকা ইউনিট প্রতি কম মূল্যে বিক্রয় করা হয়। যার ফলে কিংবা ২০২১-২২ অর্থ বৎসরে বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড এর মাধ্যমে ৩৭.৫৯ কোটি টাকা ট্রান্স সাবসিডি পাওয়ার পরও ৫.৭৪ কোটি টাকা নিট লোকসান হয়েছে। যা গড়ে ইউনিট প্রতি ক্ষতি ০.৩৯ টাকা। সমিতির বিপুল অংকের বকেয়া বিদ্যুৎ বিল আদায় এবং বিদ্যুৎ চুরি রোধ করে এ ক্ষতি কিছুটা হ্রাস করা সম্ভব। এ অবস্থায় সম্মানিত গ্রাহক সাধারণকে নিয়মিত বিদ্যুৎ বিল পরিশোধসহ মাঠ পর্যায়ে সমিতির কর্মকর্তা ও কর্মচারীদের দৈনন্দিন কাজে সহায়তার আহ্বান জানিয়ে ২০২১-২০২২ অর্থ বছরের আয়-ব্যয়ের বিবরণী উপস্থাপন করছি।

ক্রঃ নং	আয়-ব্যয়ের বিবরণ	টাকার পরিমাণ
০১	বিদ্যুৎ বিক্রয়	৯০,১৫,২৮,৭৩৫.০০ (নব্বই কোটি পনের লক্ষ আটশ হাজার সাতশত পঁয়ত্রিশ টাকা)।
০২	অন্যান্য পরিচালন আয়	৫,০৪,২৯,৯৬০.০০ (পাঁচ কোটি চার লক্ষ উনত্রিশ হাজার নয়শত ষাট টাকা)।
০৩	মোট পরিচালন আয় (১+২)	৯৫,১৯,৫৮,৬৯৫.০০ (পাঁচানব্বই কোটি উনিশ লক্ষ আটশ হাজার ছয়শত পঁচানব্বই টাকা)।
০৪	বিদ্যুৎ ক্রয়	৩৯,৩৭,৯০,১৮৬.০০ (উনচল্লিশ কোটি সাইত্রিশ লক্ষ নব্বই হাজার একশত ছিয়াশি টাকা)।
০৫	বিতরণ খরচ-পরিচালন ও রক্ষণাবেক্ষণ	৮,৩০,৪৫,৪৩২.০০ (আট কোটি ত্রিশ লক্ষ পঁয়তাল্লিশ হাজার চারশত বত্রিশ টাকা)।
০৬	গ্রাহকদের নিকট বিক্রয় খাতে খরচ	৭,৪১,৫১,৪৭৬.০০ (সাত কোটি একচল্লিশ লক্ষ একান্ন হাজার চারশত ছিয়ান্ন টাকা)।
০৭	প্রশাসনিক ও সাধারণ খরচ	৬,৬১,১৬,৮৪১.০০ (ছয় কোটি একষট্টি লক্ষ ষোল হাজার আট শত একচল্লিশ টাকা)।
০৮	মোট পরিচালন ও রক্ষণাবেক্ষণ খরচ (৪ হইতে ৭ পর্যন্ত)	৬০,৭১,০৩,৯৩৬.০০ (ষাট কোটি একাত্তর লক্ষ তিন হাজার নয়শত ছয়ত্রিশ টাকা)।
০৯	অবচয় ও অবমোচন খরচ	৩৩,৩৮,৪২,১০০.০০ (তেরিশ কোটি আটত্রিশ লক্ষ বিয়াল্লিশ হাজার একশত টাকা)।
১০	কর খাতে খরচ	৩৩,৯১,৬২০.০০ (তেরিশ লক্ষ একানব্বই হাজার ছয়শত বিশ টাকা)।
১১	দীর্ঘ মেয়াদী ঋণের সুদ	১১,২২,৩০,৯৬৯.০০ (এগার কোটি বাইশ লক্ষ ত্রিশ হাজার নয় শত উনসত্তর টাকা)।
১২	বিদ্যুৎ সার্ভিসের মোট খরচ (৮ হইতে ১১ পর্যন্ত)	১০৫,৬৫,৬৮,৬৩৩.০০ (এক শত পাঁচ কোটি পয়ষট্টি লক্ষ আটষট্টি হাজার ছয়শত তেরিশ টাকা)।
১৩	পরিচালন উদ্ধৃত (৩-১২)	- (১০,৪৬,০৯,৯৩৮.০০) (- দশ কোটি ছিচল্লিশ লক্ষ নয় হাজার নয়শত আটত্রিশ টাকা)।
১৪	সরকারী ভূত্বকী	-
১৫	অপরিচালন আয়	৪,৫৭,৪৪,৮৮২.০০ (চার কোটি সাতান্ন লক্ষ চুয়াল্লিশ হাজার আটশত বিরাশি টাকা)।
১৬	অপরিচালন আয় (অন্যান্য)	১৪,৪১,৪৯৫.০০ (চৌদ্দ লক্ষ একচল্লিশ হাজার চারশত পঁচানব্বই টাকা)।
১৭	নীট উদ্ধৃত (১৩ হইতে ১৬ পর্যন্ত)	-(৫,৭৪,২৩,৫৬০.০০) (পাঁচ কোটি চুয়ান্ন লক্ষ তেইশ হাজার পাঁচশত ষাট টাকা)।

ব্যালেন শীট (৩০ জুন, ২০২২ খ্রিঃ পর্যন্ত)

ক্রঃ নং	সম্পত্তি ও বিবিধ পাওনা সমূহ	টাকার পরিমাণ	ক্রঃ নং	দায় ও বিবিধ দেনা সমূহ	টাকার পরিমাণ
সম্পত্তি ও বিবিধ পাওনা			ইকুইটি ও মার্জিন		
০১	চালু প্লাস্ট	৫৭৭,৭৩,৮৪,৭৩৯.০০	২৮	সদস্য ফি (ইন্সকৃত)	৮,২৮,৬২০.০০
০২	ক্রমপুঞ্জিত অবচয় সংরক্ষন	১৬৭,৫৯,৯৪,২২৫.০০	২৯	সদস্য ফি (ইন্সকৃত নহে)	৭৬,৩০,৯১৩.০০
০৩	নীট উপযোগী প্লাস্ট (১-২)	৪১০,১৩,৯০,৫১৪.০০	৩০	পরিচালন লভ্যাংশ (পূর্ববর্তী বৎসরের)	-(১১০,৮৫,৫৬,১২৫.০০)
০৪	নির্মলাধীন প্লাস্ট	৫,৪৩,১৯,৪৬৫.০০	৩১	পরিচালন লভ্যাংশ (চলতি বৎসরের)	-(১০,৪৬,০৯,৯৩৭.০০)
০৫	মোট ব্যবহার উপযোগী প্লাস্ট (৩+৪)	৪১৫,৫৭,০৯,৯৭৯.০০	৩২	পরিচালন লভ্যাংশ (সরকারী ভর্তুকী)	৪,১৭,০৩,২৩৯.০০
বিনিয়োগ			৩৩	অপরিচালন লভ্যাংশ (পূর্ববর্তী বৎসরের)	২৯,৫৭,১৯,৭৩৩.০০
০৬	ডোনেশন রিজার্ভ ফান্ড	১,৪৮,৯১,২২৬.০০	৩৪	অপরিচালন লভ্যাংশ (চলতি বৎসরের)	৪,৭১,৮৬,৩৭৭.০০
০৭	পুনঃ স্থাপন সংরক্ষন তহবিল	২৮,৪০,৮৮,৮১৩.০০	৩৫	ডোনেটেড ক্যাপিটাল এবং ক্যাপিটাল গেইন	১,৪৭,৫৪,২৩২.০০
০৮	অন্যান্য বিশেষ তহবিল	৬৬,৯৭,৪০,২৫৮.০০	৩৬	মোট ইকুইটি ও মার্জিন (২৮ হতে ৩৫)	-(৮০,৫৩,৪২,৯৪৮.০০)
০৯	মোট বিনিয়োগ (৬ হতে ৮)	৯৬,৯৭,২০,২৯৭.০০			
চলতি ও প্রাপ্য সম্পত্তি			দীর্ঘ মেয়াদী ঋণ		
১০	নগদ তহবিল	২৫,৬৬,৯৫,৫০১.০০	৩৭	পরিবোর্ড ঋণ নগদ	৯০,০০,০০০.০০
১১	খুচরা নগদ তহবিল	১,৩৫,০০০.০০	৩৮	পরিবোর্ড ঋণ (মালামাল)	৪৯৯,০৮,৯৬,২২৭.০০
১২	অস্থায়ী বিনিয়োগ	৪৯,০৯,৯০,০৪৬.০০	৩৯	পরিবোর্ড ঋণ প্রতিশ্রুত প্লাস্ট	৩১,৪১,৪৭,৭১৫.০০
১৩	বিশেষ জমা	৫,৭০০.০০	৪০	পরিবোর্ড অন্যান্য ঋণ	--
১৪	গ্রাহকদের হিসাব খাতে পাওনা	৯১৬,৪২,১৩৭.০০	৪১	মোট দীর্ঘ মেয়াদী ঋণ (৩৭ হতে ৪০)	৫৩১,৪০,৪৩,৯৪২.০০
১৫	অনাদায়ী দেনা সঞ্চিত	-(৩,৪২,৮১,৫২২.০০)			
১৬	অন্যান্য হিসাব খাতে প্রাপ্য	১৫,০৫,৬০,৩৮১.০০	অন্যান্য দীর্ঘ মেয়াদী দায়		
১৭	বৈদ্যুতিক মালামাল মজুদ	৩৫,১৯,৮১,৮৩৮.০০	৪২	গ্রাহক জামানত	১৬,৭৮,০০,০৮৭.০০
১৮	হাউজ ওয়্যারিং মালামাল মজুদ	৪,৭৭৬.০০	৪৩	কর্মচারীদের আর্থিক সুবিধাদি	৩৬,৭৭,১৪,৭৩০.০০
১৯	অন্যান্য চলতি ও প্রাপ্য সম্পত্তি	--	৪৪	বীমা সংরক্ষণ / গ্রাহক জামানত সেচ	১৮,৮৩,৯১৯.০০
২০	মোট চলতি ও প্রাপ্য সম্পত্তি (১০ হতে ১৯)	১৩০,৬৯,৩৩,৮৫৬.০০	৪৫	মোট অন্যান্য দীর্ঘ মেয়াদী দায় (৪২ হতে ৪৪)	৫৩,৯০,৩০,৭৫৬.০০
বিলম্বে আদায় যোগ্য পাওনা			চলতি ও পরিশোধযোগ্য দায়		
২১	সম্পত্তির অস্থায়ীক ক্ষতি	১,৯৩,৫৮,২৬৭.০০	৪৬	হিসাব খাতে প্রদেয়	৫,৯৭,৩৩,২৫৯.০০
২২	প্রাথমিক সমীক্ষা খাতে ব্যয়	--	৪৭	সেচ গ্রাহকের অগ্রীম	--
২৩	অশ্রেনীভুক্ত ব্যয়	৯১,৩১,০০২.০০	৪৮	দীর্ঘ মেয়াদী পরিপক্ক ঋণের সুদ	১৮,০২,০৩,৬০৫.০০
২৪	সাময়িক সংযোগ সৃষ্টি ব্যয়	--	৪৯	দীর্ঘ মেয়াদী পরিপক্ক ঋণ	৭৩,০৩,২৮,১৬৭.০০
২৫	অন্যান্য বিলম্ব পাওনা	২,০৫,৬৬,৪৮৮.০০	৫০	অন্যান্য চলতি ও পরিশোধ যোগ্য দায়	১,৮৪,৭৩,৯১৮.০০
২৬	মোট বিলম্বিত পাওনা (২১ হতে ২৫)	৪,৯০,৫৫,৭৫৭.০০	৫১	মোট চলতি ও পরিশোধ- যোগ্য দায় (৪৬ হতে ৫০)	৯৮,৮৭,৩৮,৯৪৯.০০
			বিলম্বিত দেনা		
২৭	মোট সম্পত্তি ও অন্যান্য পাওনা (৫+৯+২০+২৬)	৬৪৮,০৪,১৯,৮৮৯.০০	৫২	অগ্রিম নিরাপত্তা জামানত	৪৭,৪৯,৪৪০.০০
			৫৩	নির্মাণের জন্য গ্রাহক অগ্রিম	৪,৭৯,২৫,২৩৮.০০
			৫৪	বিলম্বিত অন্যান্য দেনা	৩৯,১২,৭৪,৫১৩.০০
			৫৫	মোট বিলম্বিত দেনা (৫২ হতে ৫৩)	৪৪,৩৯,৪৯,১৯১.০০
			৫৬	মোট দায় ও বিবিধ দেনা (৩৬+৪১+৪৫+৫১+৫৪)	৬৪৮,০৪,১৯,৮৮৯.০০

পরিশেষে উপস্থিত সুধী মন্ডলী ও গ্রাহক সদস্যগণকে আমার আন্তরিক ধন্যবাদ জানিয়ে শেষ করছি।
সৃষ্টিকর্তা আমাদের সহায় হউন। জয় বাংলা।

জনাব মনোয়ারা বেগম
কোষাধ্যক্ষ
সমিতি বোর্ড সিনেট পবিস-২

জেনারেল ম্যানেজার এর প্রতিবেদন



সিলেট পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর ২২ তম বার্ষিক সাধারণ সভার সম্মানিত সভাপতি, পরিচালকমন্ডলী, ভার্য্যালী সংযুক্ত গ্রাহক সদস্যবৃন্দ, পল্লী বিদ্যুতায়ন কার্যক্রমের নিয়োজিত সহকর্মী, বিভিন্ন প্রতিষ্ঠান হতে সংযুক্ত কর্মকর্তাবৃন্দ, আমন্ত্রিত অতিথিবৃন্দ, প্রচার মাধ্যমের প্রতিনিধিবৃন্দ ও সুধীমন্ডলী সকলকে সিলেট পবিস-২ এর পক্ষ থেকে শুভেচ্ছা ও সালাম জানাই। আসসালামু আলাইকুম।

সম্মানিত সুধীমন্ডলী, বক্তব্যের প্রারম্ভেই শ্রদ্ধাবনত: চিত্তে স্মরণ করি হাজার বছরের কাক্সিত পুরুষ বাঙালি জাতির সর্বকালের সর্বশ্রেষ্ঠ নেতা ইতিহাসের মহানায়ক বাংলাদেশের স্বাধীনতা জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-কে। হযরত শাহজালাল (রা:), হযরত শাহ পরাগ (রা:) এর পুণ্যভূমি সিলেট আধ্যাতিক রাজধানী হিসেবে সারাবিশ্বে খ্যাতিলাভ করেছে। আপনারা এই জেলার বাসিন্দা হিসেবে অনেক ভাগ্যবান কারণ আপনারা অনেক আধ্যাতিক সাধকের সাধন ভূমির বাসিন্দা এবং সবসময় তাদের আধ্যাতিক বোধে উদ্বুদ্ধ হয়ে মানবিক গুণাবলীতে গুণান্বিত হতে পেরেছেন। তাছাড়া সিলেট জেলা প্রাকৃতিক সৌন্দর্য্য মন্ডিত অর্থনৈতিক সমৃদ্ধশালী একটি এলাকা। সিলেট শিল্প, প্রাকৃতিক সম্পদ ও অর্থনৈতিকভাবে সিলেট দক্ষিণ এশিয়ার অন্যতম ধনী জেলা। জৈন্তিয়া পাহাড়ের অপরূপ দৃশ্য, জাফলং এর পাহাড়ী

মনকাড়া সৌন্দর্য্য, ভোলাগঞ্জের সাদা পাথরের রাশি, বিছানাকান্দির স্বচ্ছ জলরাশি সবাইকে টেনে আনে বার বার। আর এই এলাকার চায়ের সুনাম দেশ ছাড়িয়ে আন্তর্জাতিক পর্যায়ে পৌঁছে গেছে। এই অঞ্চলের বাসিন্দা হিসেবে আপনারদের অভিনন্দন জানাই।

সম্মানিত গ্রাহক সদস্যবৃন্দ, দেশের অর্থ সামাজিক উন্নয়নে একটি সুদৃঢ় সফল সংযোজন হলো পল্লী বিদ্যুতায়ন কার্যক্রম তারই সফল বাস্তবায়ন করছে পল্লী বিদ্যুৎ সমিতিসমূহ। সিলেট পল্লী বিদ্যুৎ সমিতি-২ কোনো ব্যবসা প্রতিষ্ঠান নয়। এটি "লাভ নয়, লোকসান নয়" এ নীতির ভিত্তিতে পরিচালিত সিলেট জেলার ০৫ টি উপজেলা ও সুনামগঞ্জ জেলার ০২ টি আংশিক উপজেলায় বিদ্যুৎ বিতরণে নিয়োজিত একটি সমবায় ভিত্তিক সেবামূলক প্রতিষ্ঠান। অত্র অঞ্চলের অর্থ সামাজিক উন্নয়নের লক্ষ্যে ১৯৯৯ সালের ২৭ আগস্ট আনুষ্ঠানিকভাবে বিদ্যুতায়নের মাধ্যমে অগ্রযাত্রা শুরু করে। বর্তমানে অত্র পবিস-এ ৫১০১ কিলোমিটার লাইন নির্মাণের মাধ্যমে ২১৭১৯৩ জন গ্রাহককে বিদ্যুৎ সরবরাহ করা হয়েছে। যার মধ্যে ১,৯৪,৪০৪ টি আবাসিক, ১৭,৩৩৪ টি বাণিজ্যিক, ৩,৬০৫ টি দাতব্য প্রতিষ্ঠান, ১,৩৮১ টি শিল্প, ৪১১ টি সেচ ও ৫৮ টি রাস্তার বাতির সংযোগ রয়েছে। সমিতির আওতাধীন সকল উপজেলায় শতভাগ বিদ্যুতায়ন সম্পন্ন হয়েছে। আপনারা নিশ্চয়ই অবগত আছেন, মাননীয় প্রধানমন্ত্রী গত ২১ মার্চ, ২০২২ সালে বাংলাদেশকে শতভাগ বিদ্যুতায়িত দেশ হিসাবে ঘোষণা করেছেন। সারা দেশে বিদ্যুতায়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখার জন্য আমরা বিদ্যুৎ বিভাগের সাথে স্বাধীনতা পুরস্কারে ভূষিত হয়েছি।

সম্মানিত সুধীবৃন্দ, বর্তমানে সিলেট পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর আওতাধীন সকল এলাকায় বিতরণ লাইন রক্ষণাবেক্ষণ সহ সূচু নিরবচ্ছিন্ন ও মানসম্মত বিদ্যুৎ সরবরাহ করা হচ্ছে। যার ফলে বর্তমানে বিদ্যুতের লোডশেড, ফোর্সেড ও বিদ্যুৎ বিভ্রাটজনিত কোন সমস্যা নেই বললেই চলে। তাছাড়া বিদ্যুৎ সংযোগ প্রদানের ক্ষেত্রে এসেছে গতিশীলতা। গ্রাহকগণ তাদের চাহিদা অনুযায়ী বিদ্যুতের জন্য আবেদন করছেন এবং নিয়ম অনুযায়ী অতি দ্রুত সময়ের মধ্যে হযরতী ও দুর্নীতিমুক্তভাবে সকল সংযোগ প্রদানের চেষ্টা অব্যাহত রয়েছে। দুর্নীতির বিরুদ্ধে আমাদের অবস্থান স্পষ্ট এবং কঠিন। যার ফলে গ্রাহক সাধারণ ও জনমনে বিদ্যুতের প্রতি ইতিবাচক দৃষ্টিভঙ্গী, আস্থা ও প্রাণচাঞ্চল্যবর্ন পরিস্থিতির সৃষ্টি হয়েছে এবং গ্রাহক প্রান্তে সমিতির ভাবমূর্তি উজ্জ্বল হয়েছে। যা বর্তমান সরকারের সাফল্যের একটি উল্লেখযোগ্য দৃষ্টান্ত।

সম্মানিত গ্রাহক সদস্যবৃন্দ, সিলেট পল্লী বিদ্যুৎ সমিতি-২ কর্তৃক বিশেষ সেবা প্রদানের লক্ষ্যে বিভিন্ন ডিজিটাল কর্মসূচি গ্রহণ করেছে। এই উপলক্ষে অনলাইনে আবেদন গ্রহণ ও সংযোগ প্রদানের মাধ্যমে নতুন সংযোগ সহজীকরণ করা হয়েছে ও গ্রাহকদের দুরারে গিয়ে সেবা পৌঁছানোর ব্যবস্থা করা হয়েছে, All in One Pc স্থাপনের মাধ্যমে সেবার মান যাচাই করা হচ্ছে। নিরাপদ বিদ্যুৎ ব্যবহারে গ্রাহকদেরকে সচেতন করার জন্য পবিস-এর কারিগরী টিম কর্তৃক বিভিন্ন জনবহুল স্থানে ভিডিও প্রদর্শনী করা হচ্ছে। এসএমএস এর মাধ্যমে বিদ্যুৎ বিল সংক্রান্ত তথ্য অবহিত করা হচ্ছে। বিদ্যুৎ বিল পরিশোধে হযরানি রোধ শু সহজে বিল পরিশোধের সুবিধার্থে বিভিন্ন এজেন্ট ব্যাংকিং, বিকাশ, রকেট, নগদ, জি-পে, এম-ক্যাশ সহ সমিতির সদর দপ্তর, জোনাল অফিস, সাব-জোনাল অফিস এ বুথের মাধ্যমে বিল পরিশোধের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। উক্ত সুযোগ গ্রহণ করে নিয়মিত বিদ্যুৎ বিল পরিশোধের জন্য আপনারদেরকে বিনীত অনুরোধ করছি।

সম্মানিত উপস্থিতি ও গ্রাহক সদস্যবৃন্দ, বিদ্যুৎ অতি মূল্যবান ও প্রয়োজনীয় সম্পদ আবার বিপদজনকও বটে। নিরাপদ ও নিরবচ্ছিন্নভাবে বিদ্যুৎ সরবরাহের মাধ্যমে সততার সাথে উন্নত গ্রাহকসেবা নিশ্চিত করাই আমাদের মূল লক্ষ্য। বিধায় নিরাপদভাবে বিদ্যুৎ ব্যবহারে আপনারদের সবাইকে যত্নবান ও সচেতন হওয়ার জন্য অনুরোধ করছি। এছাড়া বৈদ্যুতিক লাইনে স্থাপিত ট্রান্সফর্মার ও তারসহ অন্যান্য চুরি সমিতির অগ্রযাত্রাকে দারুণভাবে ব্যাহত করে এবং সম্মানিত গ্রাহকগণকে আর্থিক ক্ষতির মধ্যে ফেলে। তাই আমি আমার সকল সদস্যগণকে সচেতনতার সহিত সমিতির সকল কর্মকর্তা ও কর্মচারীর সহিত একাত্মতা ঘোষণা করে সহযোগিতা প্রদান পূর্বক সম্পদের সূচু রক্ষণাবেক্ষণ এবং এই ধরনের চুরি প্রতিরোধ এর অংশীদার হওয়ার জন্য আহ্বান জানাচ্ছি।

সম্মানিত সদস্যবৃন্দ, উন্নত গ্রাহকসেবা সমিতির সার্বিক কার্যক্রম সূচুভাবে পরিচালনার জন্য আর্থিক সচ্ছলতা প্রয়োজন। আর্থিক ক্ষতি হ্রাসকরণে নিয়মিত বিদ্যুৎ বিল পরিশোধ, অবৈধ বিদ্যুৎ ব্যবহার রোধ এবং বৈদ্যুতিক লাইনের আশেপাশের গাছপালা কর্তনে সহায়তা প্রদানের জন্য অনুরোধ জানাচ্ছি। অবৈধ বিদ্যুৎ ব্যবহারকারী দেশ ও জাতির শত্রু, তাই এদের প্রতিহত করা আমার-আপনার সকলের দায়িত্ব।

সম্মানিত সুধীমন্ডলী, সিলেট পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর বিভিন্ন কার্যক্রমে সার্বিক সহযোগিতা প্রদান করায় মাননীয় মন্ত্রী ও এমপি মহোদয়সহ বিভিন্ন রাজনৈতিক ব্যক্তিবর্গ, জেলা-উপজেলা প্রশাসন ও পুলিশ প্রশাসন এবং জনপ্রতিনিধিবৃন্দ, সমিতি পরিচালনা বোর্ডের সম্মানিত সদস্যবৃন্দ, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, ঠিকাদারী প্রতিষ্ঠানসমূহকে সমিতির ব্যবস্থাপনার পক্ষ থেকে আন্তরিক কৃতজ্ঞতা ও ধন্যবাদ জ্ঞাপন করছি। পরিশেষে সকলের সু-স্বাস্থ্য ও দীর্ঘায়ু ও নিজ নিজ কর্মক্ষেত্রে সফলতা কামনা করে আমার বক্তব্য শেষ করছি। জয় বাংলা।

জেনারেল ম্যানেজার
সিলেট পল্লী বিদ্যুৎ সমিতি-২

আলোক চিত্রে পবিসের কার্যক্রম



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব ইমরান আহমদ, এমপি মহোদয়ের সাথে সিলেট পবিস ২ এর জেনারেল ম্যানেজার জনাব সঞ্জীব কুমার রায় এবং জনাব মোঃ মুকুল হোসেন, পরিচালক (প্রশাসন), বাপবিবো সৌজন্য সাক্ষাৎ করেন।



জাতীয় সংসদের সিলেট-৫ আসনের মাননীয় সংসদ সদস্য জনাব হাফিজ আহমেদ মজুমদার এর সাথে সিলেট পবিস-২ এর জেনারেল ম্যানেজার সঞ্জীব কুমার রায় এর সৌজন্য সাক্ষাৎ।



সিলেট পবিস বিদ্যুৎ সমিতি-২ আয়োজিত বৈদ্যুতিক দুর্ঘটনা হ্রাসকরণ ও দুর্ঘটনা ব্যবস্থাপনা সংক্রান্ত কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব দীপংকর বিশ্বাস (যুগ্মসচিব), সদস্য (অর্থ), বাপবিবো, ঢাকা।



বিজ্ঞানস মন্ত্রণালয়ের বিদ্যুৎ বিভাগের মাননীয় যুগ্ম সচিব জনাব মোহাঃ গোলাম রাব্বানী পবিস'র কার্যক্রম পরিদর্শন করেন।



সিলেট পবিস বিদ্যুৎ সমিতি-২ কর্তৃক পবিসের ভৌগোলিক এলাকার বানভাসি অসহায় বিদ্যুৎ গ্রাহকদের জন্য ত্রাণ বিতরণ করছেন জনাব ফকির শরিফ উদ্দিন আহমেদ, পরিচালক, পবিস মনি: ও ব্য: পরি: (পূর্বাঞ্চল) পরি:, বাপবিবো, ঢাকা।



সিলেট পবিস বিদ্যুৎ সমিতি-২ এর জেনারেল ম্যানেজার জনাব সঞ্জীব কুমার রায় মহোদয় এর নেতৃত্বে মহান স্বাধীনতা ও জাতীয় দিবস-২০২২ উপলক্ষ্যে জৈন্তাপুর উপজেলা পরিষদের সামনে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে শ্রদ্ধাঞ্জলি অর্পণ করা হয়।

আলোক চিত্রে পবিসের কার্যক্রম



মাসিক বোর্ড সভা শেষে সিলেট পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর জেনারেল ম্যানেজার সঞ্জীব কুমার রায় রচিত কাব্যগ্রন্থ “রক্তাক্ত বিবেক” এর মোড়ক উন্মোচন করেন সমিতি বোর্ডের সভাপতি জনাব মো: মোশেদ আলম সহ অন্যান্য বোর্ড পরিচালকবৃন্দ।



ভিডিও চিত্র প্রদর্শনীর মাধ্যমে উত্তম গ্রাহক সেবা, পবিসের কার্যক্রম, গ্রাহক মোটিভেশন, নিরাপদ বিদ্যুৎ ব্যবহার ও অনলাইনে বিদ্যুৎ বিল পরিশোধ সংক্রান্ত তথ্য তুলে ধরার স্থিতি।



সিলেটের ভয়াবহ বন্যায় সিলেট পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর কানাইঘাট-১ উপকেন্দ্র এর সামনে বাধ দিয়ে বিদ্যুৎ সরবরাহ সচল রাখার প্রচেষ্টার স্থিতি।



সিলেট পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর দরবস্ত উপকেন্দ্রের বার্ষিক রক্ষণাবেক্ষণ কাজের স্থিতি।



সিলেট পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর লালাখাল অভিযোগ কেন্দ্র উদ্বোধন করেন সিলেট পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর জেনারেল ম্যানেজার সঞ্জীব কুমার রায়।



সিলেট বিভাগীয় ইনোভেশন সোকেসিং-২০২২ এ সিলেট পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর স্বতঃস্ফূর্ত অংশগ্রহণ।

সমিতি বোর্ড পরিচিতি



জনাব মো: মোর্শেদ আলম
সভাপতি
এলাকা নং-০১



জনাব শাহিন আক্তার হাছিনা
সহ-সভাপতি



জনাব মোঃ নূর উদ্দিন
সচিব
এলাকা নং-০৫



জনাব মনোয়ারা বেগম
কোষাধ্যক্ষ



জনাব মো. মুহিবুর আলী
এলাকা পরিচালক
এলাকা নং-০২



জনাব মুদচ্ছির আহমদ
মনোনিত এলাকা পরিচালক



জনাব মো. জামাল উদ্দিন
এলাকা পরিচালক
এলাকা নং-০৩



জনাব বীনা সরকার
মহিলা পরিচালক



জনাব মো. মুজাহিরুল ইসলাম
মনোনিত এলাকা পরিচালক



জনাব মো. ফয়জুল করিম
মনোনিত এলাকা পরিচালক



জনাব মো. হানিফ আলী
এলাকা পরিচালক
এলাকা নং-৪



জনাব সঙ্কীর্ষ কুমার রায়
জেনারেল ম্যানেজার
পরিচালক (এক্স-অফিসিও)

নির্বাহী কর্মকর্তাগণের পরিচিতি



জনাব সঞ্জীব কুমার রায়
জেনারেল ম্যানেজার
০১ ৭৬৯-৪০০০৭৭



জনাব মূর্শাল কান্তি চৌধুরী
উপ-মহা ব্যবস্থাপক
কোম্পানীশীর্ষ জোনাল অফিস
০১ ৭৬৯-৪০০২৬৯



জনাব প্রদ্যোত প্রাশ চন্দ্র-বর্মা
উপ-মহা ব্যবস্থাপক
(সদর-কারিগরি)
০১ ৭৬৯-৪০২১২২



জনাব প্রদ্যোত মো. আজহার হোসেন
উপ-মহা ব্যবস্থাপক
কানাইঘাট জোনাল অফিস
০১ ৭৬৯-৪০০২৭০



জনাব মো. আব্দুল হাফিজ
সহকারী মহা ব্যবস্থাপক
(ঘণ্টাসন) সদর দপ্তর
০১ ৭৬৯-৪০০৭৯৭



জনাব মো. মুসা রহমান
সহকারী মহা ব্যবস্থাপক
(সকল্য সেবা) সদর দপ্তর
০১ ৭৬৯-৪০০৭৯৯



জনাব নাজিমুর রহমান
সহকারী মহা ব্যবস্থাপক (ওজএম)
গাজবান্দী লাব-জোনাল অফিস
০১ ৭১৪-১০৫৯৪৬



জনাব রানা আহমেদ
সহকারী মহা ব্যবস্থাপক (ওজএম)
০১ ৭৬৯-৪০০৭৯৮



জনাব অসিম কুমার দাস
সহকারী মহা ব্যবস্থাপক (ইউজসি)
০১ ৭৬৯-৪০৭৩১৭



জনাব রাশেদুজ্জামান
সহকারী মহা ব্যবস্থাপক (ওজএম)
গোয়াইনঘাট লাব-জোনাল অফিস
০১ ৭৬৯-৪০৭৩২২



জনাব রমিজুল ইসলাম
সহকারী মহা ব্যবস্থাপক (ওজএম)
শিবের বাঘার লাব-জোনাল অফিস
০১ ৭৬৯-৪০৭৩২৩



জনাব প্রদ্যোত মো. রাক্বুজ্জামান
সহকারী মহা ব্যবস্থাপক (ওজএম)
কানাইঘাট জোনাল অফিস
০১ ৭৬৯-৪০০৮০০



জনাব সাইফুল ইসলাম
সহকারী মহা ব্যবস্থাপক (আইটি)
০১ ৭০৪-১০৬৬১৬



জনাব মোঃ ছানোয়ার হোসেন
সহকারী মহা ব্যবস্থাপক (ফর্ম) চ. দা.
০১ ৭৬৯-৪০০৭৯৬



জনাব মোঃ রুহুল আমিন
সহকারী মহা ব্যবস্থাপক (ওজএম) জ. দা.
কোম্পানীশীর্ষ জোনাল অফিস
০১ ৭৬৯-৪০৭৭৮১



জনাব মো. সাইফুল ইসলাম
নির্বাহী প্রকৌশলী
বাপবিবো, সিলেট



জনাব মো. জামির হোসেন
সহকারী প্রকৌশলী
বাপবিবো, সিলেট



জনাব সীতাংগ শেখর দে
আইন উপদেষ্টা



জনাব ডা. শারমিন আজহার ইমু
রিটেইনার ডাক্তার

সিটিজেন চার্টার

“খুচরা বিদ্যুৎ মূল্যহার ও বিবিধ ফি সংক্রান্ত”

বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন আইন ২০০৩ এর ধারা ২২ (খ) ও ৩৪ এ প্রদত্ত ক্ষমতাবলে বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড এর আওতাধীন সিলেট পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর জন্য বিদ্যুতের খুচরা মূল্যহার ও বিবিধ ফি ফেব্রুয়ারী ২০২৩ মাস থেকে নিম্নোক্ত ভাবে পুনঃনির্ধারণ করা হলো :

(সংক্ষেপিত)

ক. নিম্নচাপ (এলটি): ২৩০/৪০০ ভোল্ট

অনুমোদিত লোড: সিঙ্গেল ফেজ ০-৭.৫ কি.ও. এবং তিন ফেজ ০-৮০ কি.ও., এমটি ৮০ কিও ওঃ এর উর্ধ্বে হতে ৫ মেঃ ওঃ পর্যন্ত।

ক্রঃনং	গ্রাহক শ্রেণী	এনার্জি রেট/চার্জ (টাকা/কিঃ ওঃ ঘঃ)	ভিমান্ড রেট/চার্জ টাকা/কিঃ ওঃ (অনুমোদিত লোড/মাস)
১	এলটি-এ : আবাসিক		
	লাইফ লাইন : ০-৫০ ইউনিট	৪.১৪	
	প্রথম ধাপ : ০-৭৫ ইউনিট	৪.৬২	
	দ্বিতীয় ধাপ : ৭৬-২০০ ইউনিট	৬.৩১	
	তৃতীয় ধাপ : ২০১-৩০০ ইউনিট	৬.৬২	
	চতুর্থ ধাপ : ৩০১-৪০০ ইউনিট	৬.৯৯	
	পঞ্চম ধাপ : ৪০১-৬০০ ইউনিট	১০.৯৬	
	ষষ্ঠ ধাপ : ৬০০ ইউনিটের উর্ধ্বে	১২.৬৩	
২	এলটি-বি : সেচ/কৃষি কাজে ব্যবহৃত পাম্প	৪.৫৯	৩৫.০০
৩	এলটি-সি ১ : ক্ষুদ্র শিল্প	-	-
	ফ্ল্যাট	৯.৪১	৪০.০০
৪	এলটি-সি ২ : নির্মাণ	১৩.২৩	১০০.০০
৫	এলটি-ডি ১ : শিক্ষা, ধর্মীয় ও দাতব্য প্রতিষ্ঠান এবং হাসপাতাল	৬.৬৪	৫০.০০
৬	এলটি-ডি ২ : রাস্তার বাতি ও পানির পাম্প	৮.৪৯	৭৫.০০
৭	এলটি-ই : বানিজ্যিক ও অফিস	১১.৩০	
৮	এলটি-টি : অস্থায়ী	১৭.৬৪	১০০.০০
৯	এলটি-ডি ৩ : ব্যাটারি চার্জিং স্টেশন	৮.৪২	৭৫.০০
১০	এমটি-৩ : শিল্প	৯.৪৩	

বিঃ দ্রঃ লাইফ লাইন (০-৫০ ইউনিট) মূল্যহারের সুবিধা আবাসিক গ্রাহক শ্রেণীর অন্য কোন গ্রাহক পাবেন না।

ক্রঃনং	বিদ্যুৎ সম্পর্কিত বিবিধ সেবার বিবরণ	গ্রাহক শ্রেণী/প্রয়োজন্যতা	ফি/চার্জ (টাকা)
১	নতুন সংযোগ ও লোড পরিবর্তনের আবেদন ফি (প্রতিটি মিটারের জন্য)	এলটি ক) এক ফেজ খ) তিন ফেজ এমটি	১০০.০০ ৩০০.০০ ১০০০.০০
২	অস্থায়ী সংযোগের আবেদন ফি	এলটি ক) এক ফেজ খ) তিন ফেজ এমটি	২৫০.০০ ৫০০.০০ ১০০০.০০
৩	বকেয়া কারণে সংযোগ বিচ্ছিন্ন করণ (DC) চার্জ/বকেয়া কারণে বিচ্ছিন্ন সংযোগ পুনঃ সংযোগ চার্জ (RC)	এলটি ক) এক ফেজ খ) তিন ফেজ এমটি এবং এইচটি	৩০০.০০ ৮০০.০০ ৫০০০.০০
৪	গ্রাহকের অনুরোধে সংযোগ বিচ্ছিন্ন করণ চার্জ (DC) / গ্রাহকের অনুরোধে বিচ্ছিন্ন সংযোগ (DC) /পুনঃ সংযোগ চার্জ (RC)	এলটি ক) এক ফেজ খ) তিন ফেজ এমটি এবং এইচটি	২০০.০০ ৪০০.০০ ১০০০.০০
৫	গ্রাহকের অনুরোধে মিটার পরীক্ষা চার্জ	এলটি ক) এক ফেজ খ) তিন ফেজ গ) এলটিসিটি এমটি এবং এইচটি	২০০.০০ ৪০০.০০ ৬০০.০০ ২০০০.০০
৬	গ্রাহকের অনুরোধে গ্রাহক অঙ্গিনায় মিটার পরিদর্শন চার্জ	এলটি ক) এক ফেজ খ) তিন ফেজ গ) এলটিসিটি এমটি এবং এইচটি	১৫০.০০ ৩০০.০০ ৫০০.০০ ১০০০.০০
৭	গ্রাহকের অনুরোধে জরুরী প্রয়োজনে দ্বিগুণ অর্ডার ফিউজ কাট- অর্ডারিং ট্রান্সফরমার ত্রুটি	সর্বোচ্চ ৩০ দিন ৩০ দিন পর থেকে	২.০০ রেন্ডি/দিন ৪.০০ রেন্ডি/দিন



নিরাপত্তা জামানত

নতুন সংযোগ এবং অনুমোদিত লোড পরিবর্তনের ক্ষেত্রে নিম্নোক্ত হারে নিরাপত্তা জামানত প্রযোজ্য হবে:

গ্রাহক শ্রেণি		জামানতের হার (টাকা/কি.ও.)
১	এলটি-এ এবং এলটি-বি	৪০০.০০ (০২ কি.ও. পর্যন্ত)
		৬০০.০০ (০২ কি.ও. এর উপরে)
২	এলটি-সি ১, এলটি-সি ২, এলটি-ডি ১, এলটি-ডি ২, এলটি-ডি ৩, এলটি-ই এবং এলটি-টি	৮০০.০০
৩	এমটি, এইচটি এবং ইএইচটি	১,০০০.০০

বিদ্যুৎ সাশ্রয়ে গ্রাহকদের করণীয়

ক্রম নং	বিদ্যুৎ/জালানী ব্যবহারের ক্ষেত্রসমূহ	জালানী দক্ষতা ও সংরক্ষণ সংক্রান্ত কার্যক্রমসমূহ
১	লাইটিং	ক) জালানী দক্ষ লাইটিং সিস্টেম ব্যবহার করা যথা: Incandescent বা CFL লাইটের পরিবর্তে অধিকরত জালানী সাশ্রয়ী LED লাইট ব্যবহার করা।
		খ) লাইটিং সিস্টেমে Fixture/Casing/Reflector ব্যবহার করার ক্ষেত্রে High Reflection Coefficient এর রং ব্যবহার করা, এতে আলোর উজ্জ্বলতা (Luminosity) বৃদ্ধি পায়।
		গ) কমন্স স্পেস যেমন: সিডি/ওয়াস রুম/ওয়াশিং রুম/কারিডোর ইত্যাদিতে Motion Sensor নির্ভর লাইটিং সিস্টেম ব্যবহার করা, এতে বিদ্যুতের অপপ্রয়োজনীয় ব্যবহার রোধ করা যায়।
		ঘ) বৈদ্যুতিক বাবের উপরিভাগে ধূলাবালি জমলে এর উজ্জ্বলতা কমে যায় বিধায় বাবসহ লাইটিং সিস্টেম নিয়মিত পরিষ্কার পরিচ্ছন্ন রাখা।
		ঙ) অফিসের ডেস্কে নির্ধারিত উজ্জ্বলতা (LUX level) বজায় রাখতে টাস্ক লাইটিং (Task Lighting) ব্যবহার করা।
		চ) দিনের আলোর (Day Lighting) সর্বোচ্চ ব্যবহার নিশ্চিত করা।
		ছ) কাজের ঘরন বিবেচনায় প্রয়োজ্য লাইটিং লোড নির্বাচন করা।
		জ) অপয়োজনে লাইটের ব্যবহার পরিহার করা।
		ঝ) শীতাতপ নিয়ন্ত্রণ যন্ত্রের Set Temperature, ২৫ ডিগ্রি সেলসিয়াস বা এর উপরে রাখা।
		ঞ) শীতাতপ নিয়ন্ত্রণ যন্ত্র ব্যবহারের সময় তাপনিরোধক ভাবে কক্ষের দরজা, জানালা বন্ধ রাখা।
২	শীতাতপ নিয়ন্ত্রণ যন্ত্র	গ) তাপ প্রবাহে রোধে জানালায় Double Glazed/Low Emission Glass/পর্দা ব্যবহার করা।
		ঘ) শীতাতপ নিয়ন্ত্রণ যন্ত্রের ফিল্টার মাসে কমপক্ষে একবার পরিষ্কার করা।
		ঙ) শীতাতপ নিয়ন্ত্রণ যন্ত্র প্রতি বছর কমপক্ষে একবার সার্ভিসিং করা।
		চ) পাইপ লাইন বা Duct এর তাপ নিরোধক ইনসুলেশন ব্যবস্থা বছরে কমপক্ষে একবার এবং leakage প্রতি মাসে কমপক্ষে একবার পরীক্ষা করা।
		ছ) উচ্চতর Energy Efficiency Ratio (EER)/ Coefficient of Performance (CoP) এর জালানী দক্ষ Inverter Technology সম্বলিত শীতাতপ নিয়ন্ত্রণ যন্ত্র ব্যবহার করা।
		জ) অপয়োজনে শীতাতপ নিয়ন্ত্রণ যন্ত্র বন্ধ রাখা।
		৩ জালানী দক্ষ Inverter Technology সম্বলিত রেফ্রিজারেটর ব্যবহার করা।
		৪ বাজারের প্রাপ্যতা সাপেক্ষে জালানী সাশ্রয়ী (যেমন: BLDC ফ্যান) এবং উচ্চতর সার্ভিস ভলিউম (m ³ /min/w) ফ্যান ব্যবহার করা।
		৫ অপয়োজনে ফ্যান বন্ধ রাখা।
		ক) Idle অবস্থায় ডেরুটপ কম্পিউটার/ল্যাপটপ সমূহ Power Saving mode এ রাখা।
৫	প্রাপ্য লোড	খ) ডেস্ক ভিত্তিক প্রিন্টার, ফটোকপিয়ার এবং ফ্যানার ব্যবহারের পরিবর্তে কেন্দ্রীয়ভাবে নেটওয়ার্ক সংযোগের মাধ্যমে শ্রম সংখ্যক যন্ত্রপাতি ব্যবহারকে উৎসাহিত করা।
		গ) ব্যক্তি পর্যায়ে মাইক্রোয়েভ ওভেন ব্যবহারের পরিবর্তে গৃহভিত্তিক ব্যবহারকে উৎসাহিত করা।
		ঘ) অপয়োজনে যন্ত্রপাতি বন্ধ রাখা।
		৬ জালানী দক্ষতা ও সংরক্ষণ সংক্রান্ত বিভিন্ন কার্যক্রম গ্রহণের পাশাপাশি নিজস্ব বিদ্যুৎ চাহিদা সম্পূর্ণ/আংশিক (BNBC) অনুযায়ী বিদ্যুৎ চাহিদার ন্যূনতম ৩% সরবরাহের লক্ষ্যে অফিস ভবনের রুফটোপে অথবা অফিস প্রাঙ্গণের ফাঁকা জায়গায় নবায়নযোগ্য জালানীর উৎস (যেমন সৌর শক্তি) থেকে বিদ্যুৎ উৎপাদনের উদ্যোগ গ্রহণ করা। এক্ষেত্রে শ্রেষ্ঠা কর্তৃক প্রণীত নেট মিটারিং পাইপ লাইন অনুসরণ করা যেতে পারে।
৭	অন্যান্য	ভবনে বিদ্যুৎ ও জালানীর ব্যবহার সর্বদা তদারকির জন্য ToT Based Building Energy Management System (BEMS) চালু করণে উৎসাহ প্রদান।

নিরাপদ বিদ্যুৎ ব্যবহারের কতিপয় সতর্কবাণী

- ০১। বিদ্যুৎ পরিবাহী তার, খুঁটি অথবা টানা তারে কখনো হাত দিবেন না। এতে যেকোন সময় বিপদ হতে পারে।
- ০২। ছোট ছেলে-মেয়েদেরকে সুইচ, হোল্ডার অথবা বৈদ্যুতিক যন্ত্রপাতিতে হাত দিতে দেবেন না।
- ০৩। ভেজা হাতে কখনো সুইচে হাত দেবেন না, সকেট পয়েন্টের ভিতর কোন তার বা আলপিন ঢুকাবেন না।
- ০৪। সুইচ অন করা অবস্থায় কখনো হোল্ডার হতে বায়ু খোলার চেষ্টা করবেন না।
- ০৫। বৈদ্যুতিক দুর্ঘটনাজনিত কোন অগ্নিকাণ্ডে কখনো পানি দেবেন না। প্রথমে সুইচ অফ করুন এবং অগ্নি সংযোজিত স্থানে বালি ছড়িয়ে দিন।
- ০৬। সমিতির কাঠের খুঁটির পাশে শুকনা কচুরীপানাতে অথবা খড়্গে আগুন জ্বালাবেন না। তাতে অগ্নি সংযোগ হয়ে দুর্ঘটনা ঘটতে পারে।
- ০৭। বিদ্যুতায়িত লাইন ক্ষতিগ্রস্ত হতে পারে এমনভাবে বিদ্যুতায়িত লাইনের নিচে বসতবাড়ী বা অন্য কিছু স্থাপন করবেন না।
- ০৮। এক ঘর থেকে অন্য ঘরে/ উঠানে বিদ্যুৎ ব্যবহারের প্রয়োজন হলে মোটা তারের মাধ্যমে নিন। এ কাজের জন্য ইলেকট্রিশিয়ানের সহযোগিতা নিন। চিকন তার সর্বদাই পরিহার করুন। কারণ যে কোন সময় দুর্ঘটনা ঘটে অকল্পনীয় ক্ষতি হতে পারে।
- ০৯। কোন পার্শ্ব সংযোগ দিবেন না, কারণ পার্শ্ব সংযোগের কারণে দুর্ঘটনা ঘটে জীবন হানি পর্যন্ত হতে পারে।
- ১০। বিদ্যুৎ পরিবাহী তার বিচ্ছিন্ন অবস্থায় কখনই স্পর্শ করবেন না। এ অবস্থায় থাকলে সাথে সাথে সমিতির অথবা নিকটস্থ অভিযোগ কেন্দ্রে সংবাদ দিন এবং সমিতির লোক না পৌঁছানো পর্যন্ত পাহারার ব্যবস্থা করুন।
- ১১। নিরাপদ বিদ্যুৎ ব্যবহারের জন্য ভাল মানের, সঠিক রেটিং এর সার্কিট ব্রেকার ব্যবহার করুন। সকল ইলেকট্রিনিজ্ঞ এবং ইলেকট্রিক্যাল যন্ত্রপাতির মোটাল বডিতে আর্থিং সংযোগ দিন।
- ১২। সকেট থেকে প্লাগ বের করার সময় প্রথমে সুইচ অফ করুন। তারপর প্লাগের দুই পার্শ্বে সমান জোরে টেনে ধরে বের করুন। কখনও প্লাগের কর্ড ধরে টানবেন না।
- ১৩। বিদ্যুৎ পরিবাহী তার, খুঁটি অথবা টানা তারে কখনও হাত দিবেন না। এতে যে কোন সময় বিপদ হতে পারে।
- ১৪। বৈদ্যুতিক লাইনের নিচে কখনও গাছ লাগাবেন না, ঘর-বাড়ি তৈরী করবেন না এবং লাইনের পাশে কখনও ঘুড়ি উড়াবেন না। এতে জীবন হানি ও আপনার বিদ্যুৎ সরবরাহ বিঘ্নিত হতে পারে।
- ১৫। কোন ব্যক্তি বা জীবন্ত প্রাণী বৈদ্যুতিক তারে জড়িয়ে গেলে তাকে স্পর্শ না করে প্রথমে শুকনা কাঠ বা বাঁশ নিয়ে বৈদ্যুতিক সংযোগ বিচ্ছিন্ন করে কৃত্রিমভাবে শ্বাস প্রশ্বাসের ব্যবস্থা করুন এবং ডাক্তারের কাছে নিয়ে যান।
- ১৬। গাছ-পালা কাটার সময় যদি গাছের অংশ লাইনের উপর পরার সম্ভাবনা থাকে তাহলে গাছ কাটার পূর্বে পল্লী বিদ্যুৎ অফিসে এসে আবেদনের মাধ্যমে ব্যবস্থা গ্রহণ করুন।
- ১৭। বৈদ্যুতিক তারের উপর কখনই কোন ভেজা কাপড় শুকাতো দিবেন না।
- ১৮। বিদ্যুৎ সরবরাহ লাইন তৈরী ও মেরামতের সময় নিজে ও ছেলে-মেয়েদের নিরাপদ দূরত্বে থাকতে বাধ্য করবেন।

অভিযোগ কেন্দ্রের নম্বর সমূহ

সদর দপ্তর অভিযোগ কেন্দ্র	০১৭৬৯-৪০১৮৯৫	সড়কের বাজার অভিযোগ কেন্দ্র	০১৭৬৯-৪০১৯০১
বিন্যাকান্দি অভিযোগ কেন্দ্র	০১৭৬৯-৪০৭৩১৯	মমতাজগঞ্জ বাজার অভিযোগ কেন্দ্র	০১৭৬৯-৪০৭৭৮০
গোয়াইনঘাট এরিয়া অফিস	০১৭৬৯-৪০১৮৯৬	কোম্পানীগঞ্জ অভিযোগ কেন্দ্র	০১৭৬৯-৪০০৮০৩
হাদারপাড় অভিযোগ কেন্দ্র	০১৭৬৯-৪০৭৩২০	ইছাকলস অভিযোগ কেন্দ্র	০১৭৬৯-৪০১৮৯৯
শিবের বাজার অভিযোগ কেন্দ্র	০১৭৬৯-৪০১৮৯৮	ছনবাড়ী অভিযোগ কেন্দ্র	০১৭৬৯-৪০৭৩১৮
শালুটিকর অভিযোগ কেন্দ্র	০১৭৬৯-৪০১৮৯৭	পাড়ায়া ইনডোর উপ-কেন্দ্র	০১৭৬৯-৪০৭৩২১
কানাইঘাট অভিযোগ কেন্দ্র	০১৭৬৯-৪০০৮০২	রাধানগর অভিযোগ কেন্দ্র	০১৭০৪-১০৬৭০৫
গাছবাড়ী অভিযোগ কেন্দ্র	০১৭৬৯-৪০১৯০০	ইট লাইন নম্বর	০১৭৬৯-৪০৪০৫৫
লালাখাল অভিযোগ কেন্দ্র	০১৭১৪-১০৫৮১৫		

বিদ্যুৎ বিজ্ঞান পর্যবেক্ষণ কমিটি

ক্রঃ নং	নাম ও পদবী	মোবাইল নাম্বার	কমিটিতে পদবী
০১	জনাব মোঃ মুসা রহমান, এজিএম (এমএস)	০১৭৬৯৪০০৭৯৯	আহবায়ক
০২	জনাব রানা মিয়া, এনফোর্সমেন্ট কো-অর্ডিনেটর	০১৭০৪১০৬৪৯২	সদস্য
০৩	জনাব মোঃ ফয়জে আলম রাকিব, সহকারী জুনিয়র ইঞ্জিনিয়ার (ওএন্ডএম)	০১৭০৪১০৬৪৯১	সদস্য
০৪	জনাব মোঃ রইসুল ইসলাম রাজা, পাওয়ার ইউজ কো-অর্ডিনেটর	০১৭৬৯৪০৪০৫৫	সদস্য সচিব
০৫	জনাব রতন কুমার আচার্য্য, হিসাব রক্ষক	০১৭০৪১০৬৪৯৩	সদস্য